

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 20 June, 2025

ময়মনসিংহের তারাকান্দায় সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত হয়েছেন এবং আহত হয়েছেন আরও চারজন।

শুক্রবার (২০ জুন) বিকেল সাড়ে ৫টার দিকে উপজেলার রামচন্দ্রপুর এলাকার হিমালয় ফিলিং স্টেশনের সামনে এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, ময়মনসিংহগামী একটি সিএনজি চালিত অটোরিকশা ও হালুয়াঘাটগামী একটি অ্যাম্বুলেন্সের মধ্যে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলেই দুইজন মারা যান এবং গুরুতর আহত হন চারজন। আহতদের তাৎক্ষণিকভাবে উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

নান্দাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. টিপু সুলতান জানান, নিহতদের মরদেহ থানা হেফাজতে রাখা হয়েছে। তাদের নাম ঠিকানা এখনো পাওয়া যায়নি। নিহত সবাই অটোরিকশার যাত্রী। এ বিষয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

সড়ক দুর্ঘটনা ময়মনসিংহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 03:24

URL: <https://timestodaybd.com/mymensingh/7758073514>